

উন্নয়নের অক্সিজেন
রাজস্ব

২০১৯/১৩০
জনকল্যাণে রাজস্ব
বৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০৯৫.১১.০০১.১৬(অংশ-১৪) ১১০৬(৩-৭) তারিখঃ ২/০৯/২০১৭ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ বিল অব এন্ড্রির ৪৯ বক্সে বন্ডেড ওয়্যার হাউজ লাইসেন্স নম্বর আবশ্যিকীয়ভাবে ধারণ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ড অবগত হয়েছে যে বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সের অধীন আমদানি ও রপ্তানি পণ্য চালানের তথ্য ধারণের নিমিত্ত প্রচলিত বিল-অব-এন্ড্রি/এক্সপোর্ট ফরম্যাট এর ৪৯ নম্বর বক্সে বন্ডেড ওয়্যার হাউজের নম্বর এন্ড্রির ব্যবস্থা নেই। এ্যাসাইকুডা ন্যাশনাল টিম UNCTAD এর সহযোগিতায় বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্স নম্বর ধারণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এখন হতে বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্স নম্বরের লিংক থাকতে হবে। উল্লেখ্য বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্স নম্বর ও আপডেটেড BIN নম্বর আগামী ৩১/০৮/২০১৭ খ্রিস্টাব্দ পর্যন্ত হালনাগাদ করার জন্য ঢাকা ও চট্টগ্রাম বন্ড কমিশনারেটকে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্স নম্বর ও আপডেটেড BIN নম্বর এ্যাসাইকুডা ন্যাশনাল টিমকে সরবরাহ করতে হবে যাতে, এই তথ্যসমূহ মূল সার্ভারে আপডেট করতে পারে।

২। বিষয়টি অতীব জরুরি।

মোঃ লুৎফর রহমান
সদস্য (কাস্টমস পলিসি)
এবং
কর্মসূচি পরিচালক
এ্যাসাইকুডা ওয়ার্ল্ড কর্মসূচি
ফোন : ৮৩১৬০৪৮

email : membercustoms@nbr.gov.bd।

প্রাপক (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সদস্য (শৃঙ্খ : রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
- ৩। প্রথম সচিব (কাস্টমস পলিসি)/(কাস্টমস রপ্তানি ও বন্ড), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

অনুলিপি অবগতির জন্য :

- ১। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস (সকল)।
- ২। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট (সকল)।
- ৩। প্রেসিডেন্ট, সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশন (সকল কাস্টম হাউস)
- ৪। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।